[redacted]

[redacted]

[redacted]

[

করা হয়েছে। ভিকটিমের পরিবারের সাথে যোগাযোগের ব্যবস্থা করা হচ্ছে। তার পরিবারের লোকজন আসলে আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।

মেহেরপুরে শ্বশুর বাড়ি যাবার পথে গৃহবধু অপহৃত

বাবার বাড়ি থেকে শ্বশুর বাড়ি আসার সময় অপহৃত হয়েছে এক গৃহবধু। অপহৃত রেশমা খাতুন (২৬) সদর উপজেলার টুঙ্গিগোপালপুর গ্রামের মনিরুল ইসলামের মেয়ে এবং একই উপজেলার মোমিনপুর গ্রামের আনোয়ারুল ইসলামের স্ত্রী।
এ ঘটনায় মঙ্গলবার বিকেলে মেহেরপুর থানায় একটি জিডি করা হয়েছে।

অপহৃত মেয়ের পিতা মনিরুল ইসলাম জানান শনিবার বিকেলে শ্বশুর বাড়ি বারাদি মোমিনপুর থেকে রেশমা খাতুন বেড়াতে আসে। সোমবার জামাতা মোবাইল ফোন করে বাড়ি যেতে বলে। বিকেলে তাকে পিরোজপুর গ্রামের সার্থক আলীর অটোরিক্সায় তুলে দেয়া হয়। সন্ধ্যাতেও সে বাড়ি পৌঁছায়নি বলে জামাতা জানায়। রাতে অটো চালকের সাথে যোগাযোগ করা হলে অটোচালক সার্থক তাদের জানান- মাঝ রাস্তায় তার অটো নষ্ট হয়ে যায়। এসময় তাকে অপর একটি অপরিচিত অটোরিক্সায় তুলে দেয়া হয়। মেয়ের হাতে গলায় স্বর্ণলংকার আছে। গতকাল মঙ্গলবার পর্যন্ত তার অবস্থান জানতে না পেরে মেহেরপুর সদর থানায় একটি জিডি করা হয়েছে। জিডি নং ২১৮- ০৫/০১/২০২১।
মেয়ের স্বামী সদর উপজেলার বারাদি মোমিনপুর গ্রামের আনোয়ারুল ইসলাম আনু আশঙ্কা করছেন কেউ তাকে অপহরণ করেছে।

মেহেরপুর সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) শাহ দারা জানান-এ বিষয়ে একটি জিডি হয়েছে। প্রয়োজনীয় ব্যবস্থা নেয়া হচ্ছে।